গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নং-স্মা:অধি:/হাস/ইওসি/২০১৯/৬১৫৫ তারিখ : ১৫-০৯-২০১৯খ্রি.

**বিষয়ঃ কোয়ালিটি অব কেয়ার নেটওয়ার্ক (QCN) "শীর্ষক গবেষণা কার্যক্রম বাস্তাবায়নে প্রয়োজনীয় সহায়তা প্রদান প্রসঙ্গে।**

আপনারা অবগত আছেন যে, বিশ্বস্বাস্থ্য সংস্থার মাধ্যমে ২০১৭ সালে বিশ্বের ১১টি দেশের সমন্বয়ে মা ও শিশুর মৃত্যুহার কমিয়ে আনার লক্ষ্যে কোয়ালিটি অব কেয়ার নেটওয়ার্ক (QCN)"গঠিত হয়েছে, বাংলাদেশ তার মধ্যে একটি। এই গবেষণার উদ্দেশ্য হলো, বাংলাদেশ এই নেটওয়ার্কের আওতাভুক্ত দেশ হিসাবে কি কি কার্যক্রম পরিচালনা করছে তা পর্যবেক্ষণ করা। কোয়ালিটি অব কেয়ার নেটওয়ার্ক গঠিত হওয়ার পর বাহ্যিক (External) কোন সংস্থার মাধ্যমে মূল্যায়ন (Evaluation) করা হয়নি। বাংলাদেশ ডায়াবেটিক সমিতির (বাডাস)-পেরিনেটাল কেয়ার প্রজেক্ট ও ইনষ্টিটিউট ফর গোবাল হেলথ, ইউনিভার্সিটি কলেজ লন্ডন যৌথভাবে উক্ত গবেষণা কার্যক্রম বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত হযেছে। এই গবেষণার আওতায় বাংলাদেশের সরকারী হাসপাতাল সমূহের কার্যক্রম মূল্যায়নের জন্য উপজেলা, জেলা, বিভাগীয় এবং জাতীয় পর্যায়ের Quality Improvement সম্পর্কিতCommiteeএর মিটিং পর্যবেক্ষণ, সদস্যদের সাক্ষাৎকার গ্রহণ, হাসপাতাল পর্যবেক্ষণ, রুগিদের সাথে কথা বলা সহ প্রয়োজনীয় ডকুমেন্ট রিভিও করা হবে। বর্নিত কাজের অংশ হিসাবে আপনার হাসপাতালকেও অন্তর্ভুক্ত করা হয়েছে কারণ এই প্রতিষ্ঠানটিও কোয়ালিটি অব কেয়ার নেটওয়ার্ক এর আওতার্ভুক্ত। গবেষণা কার্যক্রমটি তিন বৎসর ব্যাপী এবং তা ছয়মাস অন্তর অন্তর আপনার হাসপাতালে পরিচালিত হবে। বাংলাদেশের নরসিংদী জেলার জেলা সদর হাসপাতাল, মা ও শিশু কল্যাণ কেন্দ্র পলাশ ও শিবপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং কুড়িগ্রাম জেলা সদর হাসপাতাল ও নাগেশ্বরী, রৌমারী, ফুলবাড়ি এবং উলিপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স অন্তর্ভুক্ত হবে। সংগৃহীত তথ্যসমূহ গোপন রাখা হবে। এবং গবেষণা কার্যক্রম ছাড়া অন্য কোন কাজে ব্যবহার করা হবে না। গবেষণা থেকে প্রাপ্ত তথ্যাদি দেশের মা ও শিশুর স্বাস্থ্য উন্নয়নের কাজে বিশেষ ভূমিকা রাখবে বিধায় বাডাস-পেরিনেটাল কেয়ার প্রজেক্ট কে সকল প্রকার সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হল।

(ডাঃ মোঃ আমিনুল হাসান)
পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমূহ)
ও ফোকাল পারসন (কিউআইএস)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২
Email: aurlup@gmail.com
ফোন: ০২-৫৫০৬৭১৫০ ফ্যাক্স নং: ৫৫০৬৭১৫১

সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। সিভিল সার্জন, নরসিংদী ও কুড়িগ্রাম।
২। তত্তাবধায়ক, জেলা হাসপাতাল, নরসিংদী ও কুড়িগ্রাম।
৩। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, নরসিংদী।
৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পলাশ, শিবপুর/ নরসিংদী এবং নাগেশ্বরী, রৌমারী, ফুলবাড়ি এবং উলিপুর/কুড়িগ্রাম

অনুলিপি (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক, সমন্বয়)
২. যুগ্ম প্রধান, পরিকল্পনা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, প্রাথমিক স্বাস্থ্য পরিচার্যা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪. লাইন ডিরেক্টর, এমএনসিএন্ডআইচ/কমিউনিটি বেসড হেলথ কেয়ার।
৫. পরিচালক, এমসিআইচ সার্ভিসেস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
৬. অধ্যাপক ডাঃ এ কে আজাদ খান, প্রেসিডেন্ট, বাংলাদেশ ডায়াবেটিক সমিতি।